গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(রাজস্ব শাখা)
শেরপুর
www.sherpur.gov.bd

স্মারক নং-৩১.৪৫.৮৯০০.০১০.১১.০০৪.১৯-৫৮৩ তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬ / ৩০ মে ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, অধিশাখা-২ (মাঠ প্রশাসন) এর স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.১১.০২৪.১২.২৪৮, তারিখ : ১০/০৪/২০১৯ খ্রি. মূলে ছাড়পত্র প্রদানের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর এর অধীনস্থ রাজস্ব প্রশাসনের নিয়ন্ত্রণাধীন (উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস) নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পুরণের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত শেরপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে বর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত চাকরির আবেদনের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নম্বর | দপ্তরের নাম | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল/ গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসকের কার্যালয় শেরপুর | অফিস সহায়ক (রাজস্ব প্রশাসন) | ১১(এগার) টি | ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | অষ্টম শ্রেণি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২. | | নিরাপত্তা প্রহরী (রাজস্ব প্রশাসন) | ১(এক) টি | ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | অষ্টম শ্রেণি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ |

## শর্তাবলী :

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও শেরপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমটি www.sherpur.gov.bd ওয়েব সাইটে এবং এ কার্যালয়ের রাজস্ব শাখায় পাওয়া যাবে। আবেদন ফরম স্বহস্তে পূরণ করতে হবে।

০৩। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা নির্বাচন কমিটি, শেরপুর বরাবর আবেদনপত্র আগামী ২০/০৬/২০১৯ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি/ কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে ;

০৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে ;

(ক) প্রার্থীর সাম্প্রতিক ৫X৫ সে.মি. সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

(খ) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি।

(ঙ) জাতীয় পরিচয়পত্র অথবা পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।

(চ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী চাকুরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/ উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতি-স্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/ উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি। আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার নাতি/ নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার নাতি/ নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

(ছ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

(জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠি প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের সাথে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠি সনদপত্র দাখিল করতে হবে এবং শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপ পরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি

(ঝ) ট্রেজারী চালানের মাধ্যমে ১-৪৬০১-০০০১-২০৩১ নং কোডে সোনালী ব্যাংকের যে কোনো শাখায় পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা জমা প্রদান করে ট্রেজারী চালানের মূল কপি (১ম কপি) আবেদনের সাথে দাখিল করতে হবে।

(ঞ) খামের উপরে মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। প্রবেশপত্র ইস্যুর সুবিধার্থে আবেদনপত্রের সাথে প্রার্থীর পূর্ণ নাম ঠিকানা সম্বলিত ৬/-(ছয়) টাকা মূল্যের ডাকটিকিট এবং ১০"X৪" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

০৫। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লেখিত সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

০৬। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই প্রথম শ্রেণীর কর্মকর্তা হতে হবে এবং নাম-পদবী যুক্ত সীল ব্যবহার করতে হবে।

চলমান

০৭। প্রার্থীর বয়স ২০/০৬/২০১৯ খ্রি. তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা সন্তান ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৮। বিভাগীয় (চাকুরিরত প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না এবং আবেদনপত্রের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৯। কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/ মহিলা/ আনসার-ভিডিপি/ এতিম/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করা হবে;

১১। অসম্পূর্ণ ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে;

১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৩। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোনো শর্ত পরিবর্তন, সংযোজন, সংশোধন বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৩০/৬/২০১৯

আনার কলি মাহবুব
জেলা প্রশাসক
শেরপুর
ফোনঃ +৮৮০৯৩১-৬১৯০০
ফ্যাক্সঃ +৮৮০৯৩১-৬১৫৬২
E-mail: dcsherpur@mopa.gov.bd

স্মারক নং-৩১.৪৫.৮৯০০.০১০.১১.০০৪.১৯-

তারিখঃ ১৬ জ্যৈষ্ঠ ১৪২৬ / ৩০ মে ২০১৯

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলো ( জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৫। জেলা প্রশাসক ........................................ (সকল)।
০৬। পুলিশ সুপার, শেরপুর।
০৭। সিভিল সার্জন, শেরপুর।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শেরপুর।
০৯। উপ-পরিচালক, স্থানীয় সরকার, শেরপুর।
১০। মেয়র, শেরপুর পৌরসভা।
১১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, শেরপুর।
১২। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব), শেরপুর।
১৩। উপজেলা নির্বাহী অফিসার ........................................(সকল),শেরপুর।
১৪। সহকারী কমিশনার (ভূমি) .............................. .....(সকল),শেরপুর।
১৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, শেরপুর ( বিজ্ঞপ্তি ও আবেদন ফরমটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য বলা হলো )।
১৬। জেলা হিসাবরক্ষণ অফিসার, শেরপুর।
১৭। সম্পাদক, ..................................................ঢাকা।
১৮। সম্পাদক, ..................................................।... শেরপুর।

বিজ্ঞপ্তিটি আগামী ০১/০৬/২০১৯খ্রি. তারিখের মধ্যে তার পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১(এক) দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তির ০৫(পাঁচ) কপি এবং বিজ্ঞপ্তি প্রকাশের পর নিম্নস্বাক্ষরকারী বরাবর বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩০/৫/২০১৯

জেলা প্রশাসক
শেরপুর

D:Appointment-19